



**Department of
Education**

Chancellor Richard A. Carranza

প্রিয় প্যারেন্ট বা অভিভাবক:

আপনার সন্তান পুনর্বাসন আইনের 504 নং ধারার আওতায় স্কুলে স্বাস্থ্য সেবা বা বিশেষ সুবিধা গ্রহণ করতে পারবে। স্কুলে সম্পূর্ণভাবে অংশগ্রহণ করার জন্য এই সেবাগুলি শিক্ষার্থীদের বিশেষ স্বাস্থ্য চাহিদা পূরণ করে। উদাহরণস্বরূপ, যে সকল শিক্ষার্থী চিকিৎসাধীন অবস্থায় থাকে তাদেরকে স্কুলে ঔষধ দেওয়া যেতে পারে। যে সকল শিক্ষার্থীর দেখায় বা শোনায় সমস্যা হয় তাদেরকে ব্ল্যাকবোর্ডের নিকটে বসানো যেতে পারে।

আপনার সন্তান সেবা বা বিশেষ সুবিধা পাওয়ার যোগ্য কি না তা যেভাবে যাচাই করবেন:

1. যোগাযোগ করুন:

- আপনার সন্তানের স্কুলের প্রিন্সিপ্যালের সাথে বা
- nsomerf@schools.nyc.gov এ Neil Somerfeld এর সাথে। আপনার সন্তানের নাম, স্কুল ও ক্লাস প্রদান করুন।

আপনার সন্তানের অবস্থা এবং তার যে ধরনের সহায়তা প্রয়োজন তা বর্ণনা করুন।

2. আপনার সন্তানের স্কুলের প্রিন্সিপ্যাল আপনার সন্তানের জন্য সেবার আবেদন কীভাবে করবেন তা ব্যাখ্যা করবেন।
3. আপনার আবেদনের পর, আপনার স্কুল আপনার সেবার অনুরোধ পর্যালোচনা করবেন। আপনার স্কুলের 504 টিম আপনার সন্তানের চাহিদার ব্যাপারে আলোচনা করার জন্য একটি মিটিং এ আমন্ত্রণ জানাবেন। উক্ত মিটিং এ, টিমটি আপনার সন্তান কোনো সেবা বা বিশেষ সুবিধা পাবে কি না সে ব্যাপারে সিদ্ধান্ত নেবে। 30 দিনের মধ্যে আপনাকে সিদ্ধান্তের ব্যাপারে জানানো হবে।

সংযুক্ত 504 FAQ থেকে আপনার সন্তানের অধিকার সম্পর্কে আরো বিস্তারিত জানা যাবে। আপনার কোনো প্রশ্ন থাকলে প্রিন্সিপ্যালকে জানান অথবা nsomerf@schools.nyc.gov এ ইমেইল করুন।

আপনার বিশ্বস্ত,